

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.mhapsd.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০৬৩.০২.০১৪.১৭/

৫২

তারিখঃ ১৪/০৩/২০১৮।

প্রেরক : দেবাশিস কুমার দাস
সহকারি প্রধান

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : “ডিজিটাইজেশন এর মাধ্যমে বিজিবি হাসপাতাল সমূহের কার্যক্রমকে শক্তিশালীকরণ” শীর্ষক অনুমোদিত প্রকল্প কোড নং-৫০০৪ এর অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বৎসরের এডিপিতে বরাদ্দকৃত ৪২৪.০০ লক্ষ টাকা হতে ৩য় কিস্তি বাবদ ১০৬.০০ লক্ষ টাকা অবমুক্তি প্রসঙ্গে।

মহোদয়,

অত্র মন্ত্রণালয় কর্তৃক ০৯/০১/২০১৮ তারিখে ০৩ নং সরকারী আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে জিওবি খাতে ৪২৪.০০ লক্ষ টাকা বরাদ্দ হতে নিম্নরূপভাবে অর্থ ছাড়ের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি:

(অংকসমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বর্ডার গার্ড বাংলাদেশ কোড নং-২২৩১	“ডিজিটাইজেশন এর মাধ্যমে বিজিবি হাসপাতাল সমূহের কার্যক্রমকে শক্তিশালীকরণ” প্রকল্প, কোড নং-৫০০৪।	অনুমোদিত	৩য় কিস্তি	৯.০০	৯৭.০০	১০৬.০০

- এ ব্যয় ২০১৭-১৮ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-১৯ হিসাবের খাত ২২-২২৩১-৫০০৪ হতে বহন করা হবে।
- উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (তবে শুল্ক মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দকৃত টাকা এ অংকের বহির্ভূত);
- কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অংকের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না;
- কৃচ্ছতাসাধনের লক্ষ্যে ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের ৮/৯/০৫ ইং তারিখের নং অম/অবি/ব্যা-১/বাজেট(৩১)/২০০৪/১৮৮০ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে;
- এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- পরবর্তীতে প্রকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- অব্যয়িত অর্থ ৩০ জুন/১৮ তারিখের মধ্যে অবশ্যই সমর্পন করতে হবে।

(দেবাশিস কুমার দাস)
সহকারি প্রধান
ফোনঃ ৯৫৭৪৫২৫

তারিখঃ ১৪/০৩/২০১৮।

স্মারক নং-৪৪.০০.০০০০.০৬৩.০২.০১৪.১৭/

৫২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-৬)।
- ২। মহা-পরিচালক, বর্ডার গার্ড, বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

(দেবাশিস কুমার দাস)
সহকারি প্রধান